# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুই শীতল সময়ের বর্ণনা যে সময় সালাত আদায় করলে, জান্নাতে প্রবেশের আশা করা যায়

ذِكْرُ وَصْفِ الْبَرْدَيْنِ اللَّذَيْنِ يُرْجَى دُخُولُ الْجَنَّةِ بالصلاة عندهما

---

আরবী

1737 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ السَّعْدِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بْنِ أَبِي رِزْمَةَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ يَزِيدَ بْنِ مَرْدَانِبَةَ حَدَّثَنَا رَقَبَةُ عَنْ أَبِي بَكْرِ بْنِ عُمَارَةَ بْنِ روبية عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:
(لَنْ يَلِجَ النَّارَ مَنْ صَلَّى قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ: أَنْتَ سَمِعْتَ هَذَا الْحَدِيثَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قال: نعم.
الراوي : عُمَارَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

১৭৩৭. উমারাহ বিন রুবিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “কখনই জাহান্নামে প্রবেশ করবে না, যিনি সূর্য উদয়ের আগের সালাত (ফজরের সালাত) এবং সূর্য অস্ত যাওয়ার আগের সালাত (আসরের সালাত) আদায় করবে।” তখন কওমের এক ব্যক্তি উমারাহ বিন রুবিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহুকে বলেন, “আপনি কি এই হাদীস রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৮৩; আবূ দাউদ: ৪২৮; তাবারানী আল কাবীর: ১৮/৮২৬; তাহাবী, মুশকিলুল আসার: ১/৪৪০; সুনান বাইহাকী: ১/৪৬৬; হাকিম: ১/১৯৯-২০০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসার মুসলিম : ২০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উমারাহ ইবনে রুবিয়্যাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন